

নতুন বর্ষের শুরুতেই প্রাথমিক স্তরে ২ কোটি ৩১ হাজার শিক্ষার্থীর হাতে বিনামূল্যের পাঠ্যবই

নিম্ন বার্তা পরিবেশক

নতুন শিক্ষাবর্ষের (২০১৩ সালে) শুরুতে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের হাতে বিনামূল্যের পাঠ্যবই বিতরণে এবার ১০ কোটি ৭৮ লাখ ৪৩ হাজার ৮৩৩টি পাঠ্যবই মুদ্রণ ও সরবরাহের ব্যবস্থা নিয়েছে সরকার। সারাদেশের বাংলা ও ইংরেজি ভাষার ২ কোটি ৩১ হাজার ৪১২ জন শিক্ষার্থীর মাঝে এসব বই বিতরণ করা হবে। গতকাল সংসদ ভবনে অনুষ্ঠিত প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির ২৮তম সভায় মন্ত্রণালয়ের পক্ষ থেকে এ তথ্য জানানো হয়। কমিটির সভাপতি মমতাজ বেগমের সভাপতিত্বে বৈঠকে কমিটির সদস্য ও প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী মোতাহার হোসেন, আতিউর রহমান আতিক, আফাজ উদ্দিন আহমেদ, আবদুল মান্নান, অধ্যক্ষ খাদিজা খাতুন শেফালী এবং জোবেদা খাতুন বৈঠকে অংশ নেন। এ সময় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

সংসদ সচিবালয় সূত্র জানায়, বৈঠকে ২০১৩ সালে সারাদেশে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে পাঠ্যবই বিতরণ বর্ষের : পৃষ্ঠা : ২ ক : ৪

বর্ষের শুরুতেই

(১৬ পৃষ্ঠার পর)

কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। এ সময় কমিটি জানতে চায় শিক্ষার্থীদের হাতে বই তুলে দিতে কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে মন্ত্রণালয়ের পক্ষ থেকে জানানো হয়, সারাদেশের প্রাথমিক বিদ্যালয়গুলোর চাহিদা একীভূত করে পাঠ্যবই মুদ্রণ ও সরবরাহের চাহিদা এরই মধ্যে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডে (এনসিটিবি) পাঠানো হয়েছে। সংস্থাটি সে অনুযায়ী ২০১৩ শিক্ষাবর্ষের জন্য ১০ কোটি ৭৮ লাখ ৪৩ হাজার ৮৩৩টি পাঠ্যবই মুদ্রণের ব্যবস্থা নিয়েছে। যথাসময়ে শিক্ষার্থীরা এসব বই হাতে পাবে বলেও কমিটিকে আশস্ত করা হয়েছে।

বৈঠকে প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় প্রতিটি জেলায় বাফার স্টক হিসেবে এ ভাগ বই সংরক্ষণ, বিদেশে বাংলাদেশ মিশন কর্তৃক পরিচালিত প্রাথমিক বিদ্যালয়গুলোতে পাঠ্যবই সরবরাহ এবং এরই মধ্যে উপজেলা পর্যায়ে পাঠ্যবই সরবরাহ কার্যক্রম শুরু বিষয়েও কমিটিকে অবহিত করা হয়। এ ছাড়া বৈঠকে প্রাথমিক শিক্ষকদের সব দাবি-দাওয়া মেনে নেয়ার পরিস্থিতিতে তাদের আন্দোলন থেকে বিরত থাকা ও আন্দোলন প্রত্যাহারের আহ্বান জানানো হয়েছে। মহান পেশার দায়িত্ব ও কর্তব্যের বিষয়ে সচেতন থাকার জন্যও শিক্ষকদের পরামর্শ দেয়া হয়েছে।